মন্ত্রিপরিষদ বিভাগের ডিসেম্বর ২০১৬ মাসের কার্যাবলি সম্পর্কিত প্রতিবেদন

মন্ত্রণালয়/বিভাগের নাম: **মন্ত্রিপরিষদ বিভাগ**

প্রতিবেদনাধীন মাসের নাম: **ডিসেম্বর ২০১৬** প্রতিবেদন প্রস্তুতের তারিখ: **২৩ জানুয়ারি ২০১৬**

(১) প্রশাসনিক:

ক. ১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে)

সংস্থার স্তর	অনুমোদিত পদ	পূরণকৃত পদ	শূন্যপদ
মন্ত্রণালয়/বিভাগ: **মন্ত্রিপরিষদ বিভাগ**	২৪৫	২০৪	৪১
অধিদপ্তর/সংস্থা/সংযুক্ত অফিস: **দুর্নীতি দমন কমিশন**	১,২৬৪	৯০৭	২২০
মোট	**১,৫০৯**	**১,১১১**	**২৬১**

ক. ২ শূন্যপদের বিন্যাস

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	অতিরিক্ত সচিব/ তদূর্ধ্ব পদ	জেলা কর্মকর্তার পদ (যেমন ডিসি, এসপি)	অন্যান্য ১ম শ্রেণির পদ	২য় শ্রেণির পদ	৩য় শ্রেণির পদ	৪র্থ শ্রেণির পদ	মোট
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	০৫	১৫	১০	১১	৪১
দুর্নীতি দমন কমিশন	-	-	৪৩	৩৩	১৪১	০৩	২২০*

* সুপারনিউমারারি পদ ব্যতীত।

ক. ৩ অতীব গুরুত্বপূর্ণ (strategic) পদ শূন্য থাকলে তার তালিকা

ক্রমিক	মন্ত্রণালয়/বিভাগ	গুরুত্বপূর্ণ শূন্যপদের নাম	গুরুত্বপূর্ণ শূন্যপদের সংখ্যা	মোট গুরুত্বপূর্ণ শূন্যপদের সংখ্যা
১।	**মন্ত্রিপরিষদ বিভাগ**	-	-	-
২।	**দুর্নীতি দমন কমিশন**	-	-	-

ক. ৪ নিয়োগ/পদোন্নতি প্রদান

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	প্রতিবেদনাধীন মাসে পদোন্নতি			নতুন নিয়োগ প্রদান			মন্তব্য
	কর্মকর্তা	কর্মচারী	মোট	কর্মকর্তা	কর্মচারী	মোট	
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	-	-	-	-	-
দুর্নীতি দমন কমিশন	-	-	-	-	-	-	-

ক.৫ শূন্যপদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

খ. ১ ভ্রমণ/পরিদর্শন (দেশে-বিদেশে)

	মন্ত্রী		প্রতিমন্ত্রী/উপমন্ত্রী		মন্ত্রিপরিষদ সচিব		মন্তব্য
	দেশে	বিদেশে	দেশে	বিদেশে	দেশে	বিদেশে	
ভ্রমণ/পরিদর্শন (দিন)	-	-	-	-	১। ১৬ ডিসেম্বর ২০১৬ তারিখ মহান বিজয় দিবস উপলক্ষ্যে জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ অনুষ্ঠানে অংশগ্রহণ। ২। ২৩-২৫ ডিসেম্বর ২০১৬ তারিখ সরকারি সফরে কক্সবাজার জেলা পরিদর্শন করেন। ৩। ৩১ ডিসেম্বর ২০১৬ তারিখ সরকারি সফরে গাজীপুরে অনুষ্ঠিত ঢাকা বিভাগীয় জেলা প্রশাসক সম্মেলনে অংশগ্রহণ।	-	-
উন্নয়ন প্রকল্প পরিদর্শন (দিন)	-	-	-	-	-	-	
পার্বত্য চট্টগ্রামে ভ্রমণ (দিন)	-	-	-	-	-	-	

খ.২ উপরোক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত/পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা: প্রযোজ্য নয়।

(২) আইন-শৃঙ্খলা বিষয়ক (স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জন্য): প্রযোজ্য নয়।

(৩) অর্থনৈতিক (কেবল অর্থ বিভাগের জন্য): প্রযোজ্য নয়।

(৪) উন্নয়ন প্রকল্প সংক্রান্ত :

ক. উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত প্রকল্পের নাম:

প্রকল্পের নাম	**বর্তমান অর্থ-বছরে এডিপিতে বরাদ্দ (কোটি টাকায়)**	**প্রতিবেদনাধীন মাস পর্যন্ত ব্যয়ের পরিমাণ (কোটি টাকায়) ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার**	**প্রতিবেদনাধীন মাসে নতুন প্রকল্প অনুমোদিত হয়ে থাকলে তার তালিকা**	**প্রতিবেদনাধীন মাসে মন্ত্রণালয়ে এডিপি রিভিউ সভার তারিখ**	মন্তব্য
১	**২**	**৩**	**৪**	**৫**	**৬**
জাতীয় শুদ্ধাচার কৌশল সহায়তা প্রকল্প	৫.৮৬	০.৬৯০ (১১.৭৭ শতাংশ)	-	-	-
Building Capacity for the Use of Research Evidence (BCURE)	সর্বমোট ৮.১৩ ডিপিএ: ৮.০৯ জিওবি: ০.০৪	ব্যয়: ১.২৭০৩ (১৫.৬২ শতাংশ)	-	-	-
Social Security Policy Support (SSPS) Programme	ডিপিএ: ১৯.৭২ জিওবি: ০.৩৩	৭.৫৫ (৩৭.৬৬ শতাংশ)	-	-	-

খ. প্রকল্পের অবস্থা সংক্রান্ত :

প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসাবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো	আগামী দু'মাসের মধ্যে উদ্বোধন করা হবে এমন সমাপ্ত প্রকল্পের তালিকা
-	-	-	-

(৫) **উৎপাদন বিষয়ক (সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে পূরণ করতে হবে):** প্রযোজ্য নয়।

(৬) **প্রধান প্রধান সেক্টর কর্পোরেশনসমূহের লাভ/লোকসান:** প্রযোজ্য নয়।

(৭) **অডিট আপত্তি**

ক. অডিট আপত্তি সংক্রান্ত তথ্য

মন্ত্রণালয়/সংস্থার নাম	**অডিট আপত্তির সংখ্যা**	**টাকার পরিমাণ (লক্ষ টাকায়)**	**ব্রডশিটে জবাবের সংখ্যা**	**নিষ্পত্তির সংখ্যা**	**জের**	**মন্তব্য**
মন্ত্রিপরিষদ বিভাগ	১১টি	০.৩৬৪	-	-	১১টি	২০১৩-১৫ (তিন) অর্থ-বছরের নিরীক্ষাকার্য আগস্ট ২০১৫ মাসে সম্পন্ন হয়। উক্ত নিরীক্ষাকার্যে নিরীক্ষকদল কর্তৃক চারটি অডিট আপত্তি উত্থাপন করা হয়। তন্মধ্যে একটি আপত্তির বিপরীতে ১৩,৩৮৬ টাকা সরকারি রাজস্ব ক্ষতি হিসাবে উল্লেখ করা হয়। অবশিষ্ট তিনটি অডিট আপত্তি আর্থিক অনিয়ম সংক্রান্ত। উক্ত আপত্তি চারটি নিষ্পত্তির লক্ষ্যে স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তরে ৫ অক্টোবর ২০১৫ তারিখে ব্রডশিট জবাব প্রেরণ করা হয়, কিন্তু অদ্যাবধি জবাব পাওয়া যায়নি। এ ছাড়া, বর্তমানে মন্ত্রিপরিষদ বিভাগে সাতটি অডিট আপত্তি সংক্রান্ত একটি মামলা রয়েছে (মামলা নম্বর ৭/২০০০), যা ঢাকার চতুর্থ সহকারী জজ আদালতে বিচারাধীন আছে।
বিলুপ্ত বিভাগীয় উন্নয়ন বোর্ড ও বিলুপ্ত উপকলীয় দ্বীপাঞ্চল	১৭টি	২৮৩.১৫	-	১	১৬টি	ত্রিপক্ষীয় অডিট কমিটির সভা অনুষ্ঠানের মাধ্যমে আপত্তিসমূহ নিষ্পত্তির কার্যক্রম চলমান রয়েছে।
দুর্নীতি দমন কমিশন	০৪টি	৭০০.০০	০৪	-	০৪টি	-
মোট	**৩২টি**	**৯৮৩.৫১৪**	**০৪**	**১**	**৩১টি**	-

খ. অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে সে-সব কেইসের তালিকা: **নেই।**

(৮) শৃঙ্খলা/বিভাগীয় মামলা (মন্ত্রণালয়/বিভাগ ও অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা)

মন্ত্রণালয়/অধিদপ্তর/ সংস্থাসমূহে পুঞ্জিভূত মোট বিভাগীয় মামলা (প্রতিবেদনাধীন মাসের ১ তারিখে)	প্রতিবেদনাধীন মাসে শুরু হওয়া মামলার সংখ্যা	প্রতিবেদনাধীন মাসে মামলা নিষ্পত্তির সংখ্যা			অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা	বর্তমান অর্থ-বছরে মোট নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা
		চাকরিচ্যুতি/বরখাস্ত	অন্যান্য দণ্ড	অব্যাহতি		
১	২	৩	৪	৫	৬	৭
*মন্ত্রিপরিষদ বিভাগ-০১	-	-	-	-	০১	-
দুর্নীতি দমন কমিশন-১০	-	-	-	-	১০	১১

*** প্রশাসনিক ট্রাইব্যুনাল/প্রশাসনিক আপিলেট ট্রাইব্যুনালে চলমান মামলার সকল নথি এ বিভাগের আইন-১ শাখায় স্থানান্তর করা হয়েছে।**

(৯) মানবসম্পদ উন্নয়ন

ক. প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রশিক্ষণ কর্মসূচি:

মন্ত্রণালয়/সংস্থা	ক্রমিক	প্রশিক্ষণ কর্মসূচির নাম	প্রশিক্ষণের মেয়াদ	উদ্যোগী সংস্থা/ এজেন্সির নাম	অংশগ্রহণকারীর সংখ্যা
১	২	৩	৪	৫	৬
	১।	The meeting on High-level Political Forum on Sustainable Development স্থান: অস্ট্রেলিয়া	১৪-১৬ ডিসেম্বর ২০১৬	প্রধানমন্ত্রীর কার্যালয়	একজন সচিব (সমন্বয় ও সংস্কার)
মন্ত্রিপরিষদ বিভাগ	২।	'Skills for Employment Investment Program (SEIP)' শীর্ষক প্রকল্পের আওতায় দক্ষতা উন্নয়নমূলক প্রশিক্ষণে অংশগ্রহণ। স্থান: ইন্দোনেশিয়া ও অস্ট্রেলিয়া	১৪-২১ ডিসেম্বর ২০১৬	অর্থ বিভাগ	**এক জন** অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)
	৩।	১১তম Budget Management Specialist (BMS) শীর্ষক প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ। স্থান: ইনস্টিটিউট অব পাবলিক ফাইন্যান্স বাংলাদেশ (আইপিএফ)	০৪-২৯ ডিসেম্বর ২০১৬	অর্থ বিভাগ	**এক জন** জনাব মোঃ রফিকুল ইসলাম হিসাবরক্ষণ কর্মকর্তা
	৪।	বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি বিষয়ে প্রশিক্ষণ	০৪-০৫ ডিসেম্বর ২০১৬	দুর্নীতি দমন কমিশন	২১ জন
	১।	বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি বিষয়ে প্রশিক্ষণ	০৭-০৮ ডিসেম্বর ২০১৬	দুর্নীতি দমন কমিশন	৩২ জন
দুর্নীতি দমন কমিশন	২।	Case Preparation and Trial Skills	০৫-০৮ ডিসেম্বর ২০১৬	ইউএস ডিপার্টমেন্ট অব জাস্টিস	২০ জন
	৩।	iBAS++ এর বাজেট প্রণয়ন মডিউল ডাটা এন্ট্রি বিষয়ে প্রশিক্ষণ	১১ ডিসেম্বর ২০১৬	অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়	পাঁচজন
	৪।	বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি বিষয়ে প্রশিক্ষণ	১৪-১৫ ডিসেম্বর ২০১৬	দুর্নীতি দমন কমিশন	২০ জন
	৫।	বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি বিষয়ে প্রশিক্ষণ	১৮-১৯ ডিসেম্বর ২০১৬	দুর্নীতি দমন কমিশন	৩১ জন

খ. মন্ত্রণালয়/অধিদপ্তরে কোন ইন্-হাউস প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকলে তার বর্ণনা: নেই।

গ. প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

ঘ. মন্ত্রণালয়ে অন্-দ্য-জব ট্রেনিং (OJT)-এর ব্যবস্থা আছে কি না; না থাকলে অন্-দ্য-জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি না: হ্যাঁ আছে; কোন অসুবিধা নেই।

ঙ. প্রতিবেদনাধীন মাসে প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা: দুইজন।

(১০) **উল্লেখযোগ্য কার্যাবলি/সমস্যা-সংকট:**

ক. প্রতিবেদনাধীন মাসে নতুন আইন, বিধি ও নীতি প্রণীত হয়ে থাকলে তার তালিকা: নেই।

খ. প্রতিবেদনাধীন মাসে অতীব গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলি:

(১) প্রতিবেদনাধীন মাসে মন্ত্রিসভার চারটি, মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সম্পর্কিত আন্তঃমন্ত্রণালয় সভা আটটি, সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির একটি, অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির একটি, চাঁদা প্রদান সংক্রান্ত সচিব কমিটির একটি এবং প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির দু'টি সভা অনুষ্ঠিত হয়।

(২) মন্ত্রিসভা-বৈঠকে ৩৮টি সিদ্ধান্ত গৃহীত হয় এবং এর মধ্যে ২২টি সিদ্ধান্ত বাস্তবায়িত হয়। অবশিষ্ট ১৬টি সিদ্ধান্ত বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগে বাস্তবায়নাধীন রয়েছে।

(৩) ২২ ডিসেম্বর ২০১৬ তারিখে বিভাগীয় কমিশনারগণের মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ২৯টি সিদ্ধান্ত গৃহীত হয়।

(৪) বিদেশি মান্যবর রাষ্ট্রদূত/হাই কমিশনার কর্তৃক আয়োজিত অনুষ্ঠানে সচিবগণের যোগদানের অনুমতি সংক্রান্ত পাঁচটি পত্র জারি করা হয়।

(৫) শিক্ষা মন্ত্রণালয়কে পুর্নগঠন করে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এবং কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ নামে গঠিত বিভাগ দু'টির কার্যতালিকা নির্ধারণ করে ০১ ডিসেম্বর ২০১৬ তারিখে এস.আর.ও জারি এবং বাংলাদেশ গেজেটে প্রকাশ করা হয়।

(৬) বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের কার্যতালিকা সংশোধন করে ২৮ ডিসেম্বর ২০১৬ তারিখে এস.আর.ও জারি এবং বাংলাদেশ গেজেটে প্রকাশ করা হয়।

(৭) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি জনাব মোঃ আবদুল হামিদ সরকারি সফরে ০৬ ডিসেম্বর ২০১৬ তারিখ মঙ্গলবার ১০:৩০ ঘটিকায় বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের বিজি-০৮৪ ভিভিআইপি ফ্লাইটযোগে সিঙ্গাপুরের উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করেন এবং ১১ ডিসেম্বর ২০১৬ তারিখ রবিবার ১৮:০০ ঘটিকায় একই এয়ারলাইন্সের বিজি-০৮৫ ভিভিআইপি ফ্লাইটযোগে ঢাকায় প্রত্যাবর্তন করেন। মহামান্য রাষ্ট্রপতির প্রস্থান ও প্রত্যাবর্তনকালে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে রাষ্ট্রাচারের দায়িত্ব পালন করা হয়।

(৮) কিউবার সমাজতান্ত্রিক বিপ্লবের অবিসংবাদিত নেতা, বিশ্বের মুক্তিকামী মানুষের প্রেরণার উৎস, বাংলাদেশের অকৃত্রিম বন্ধু কিউবা প্রজাতন্ত্রের সাবেক প্রেসিডেন্ট ফিদেল আলেজান্দ্রো কাস্ত্রো রুজ ২৫ নভেম্বর ২০১৬ তারিখে মৃত্যুবরণ করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৯০ বছর। ফিদেল কাস্ত্রোর মৃত্যুতে গভীর শোক প্রকাশ, তাঁর বিদেহী আত্মার শান্তি কামনা এবং কিউবার সরকার ও জনগণ এবং ফিদেল কাস্ত্রোর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি আন্তরিক সমবেদনা জ্ঞাপন করে মন্ত্রিসভার ০৫ ডিসেম্বর ২০১৬ তারিখের বৈঠকে একটি শোকপ্রস্তাব গ্রহণ করা হয়। এ সংক্রান্ত ০৮ ডিসেম্বর ২০১৬ তারিখে প্রজ্ঞাপন বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়।

(৯) প্রতিবেশী ও বন্ধুরাষ্ট্র ভারতের তামিলনাড়ু রাজ্যের মুখ্যমন্ত্রী ভারতের জনপ্রিয় ও প্রথিতযশা রাজনীতিক জয়ারাম জয়ললিতা ০৫ ডিসেম্বর ২০১৬ তারিখে মৃত্যুবরণ করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৬৮ বছর। জয়ললিতার মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ ও তাঁর বিদেহী আত্মার শান্তি কামনা করে এবং ভারতের সরকার ও জনগণের প্রতি গভীর সমবেদনা জানিয়ে মন্ত্রিসভার ১২ ডিসেম্বর ২০১৬ তারিখের বৈঠকে একটি শোকপ্রস্তাব গ্রহণ করা হয়। এ সংক্রান্ত ১৫ ডিসেম্বর ২০১৬ তারিখে প্রজ্ঞাপন বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়।

(১০) মাননীয় প্রধানমন্ত্রীর বিশেষ সহকারী জনাব মাহবুবুল হক শাকিল ০৬ ডিসেম্বর ২০১৬ তারিখে ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহে ... রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৪৮ বছর। জনাব মাহবুবুল হক শাকিলের মৃত্যুতে গভীর শোক প্রকাশ ও মরহুমের রুহের মাগফিরাত কামনা করে এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি আন্তরিক সমবেদনা জানিয়ে মন্ত্রিসভার ১২ ডিসেম্বর ২০১৬ তারিখের বৈঠকে একটি শোকপ্রস্তাব গ্রহণ করা হয়। এ সংক্রান্ত ১৫ ডিসেম্বর ২০১৬ তারিখে প্রজ্ঞাপন বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়।

(১১) গোবিন্দগঞ্জের ঘটনায় সাঁওতালদের দায়েরকৃত এজাহারের গুরুত্ব না দেওয়া প্রতিবেদন সংক্রান্ত বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় বরাবর ০৭ ডিসেম্বর ২০১৬ তারিখে পত্র প্রেরণ করা হয়।

(১২) ইয়াবা ডনদের বদিবরণ সংক্রান্ত বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য ০৭ ডিসেম্বর ২০১৬ তারিখে সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৩) ০৭ ডিসেম্বর ২০১৬ তারিখে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি পরিষদ (NCST) এবং জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি পরিষদের নির্বাহী কমিটি (ECNCST) পুনর্গঠন করে প্রজ্ঞাপন জারি করা হয়।

(১৪) অভাব-অনটন সইতে না পেরে দিনমজুরের আত্মহত্যা সংক্রাক্ত বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য ০৭ ডিসেম্বর ২০১৬ তারিখে জেলা প্রশাসক, ঢাকা বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৫) দূর্গাপুর উপজেলাধীন বিরিশিরি পিসিনল মেমোরিয়াল উচ্চ বিদ্যালয় কর্তৃপক্ষ এবং স্থানীয় জনসাধারণের মধ্যে বিরোধ সংক্রান্ত বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য ০৭ ডিসেম্বর ২০১৬ তারিখে সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৬) জেলা ম্যাজিস্ট্রেট, শেরপুর কর্তৃক ঢাকা কেন্দ্রীয় জেলা কারাগার পরিদর্শন প্রতিবেদন সংক্রান্ত বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য ০৭ ডিসেম্বর ২০১৬ তারিখে সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৭) বোচাগঞ্জে হরিজন ও হিন্দুদের ১০ বাড়িতে আগুন দেওয়া সংক্রান্ত প্রতিবেদনের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য ০৭ ডিসেম্বর ২০১৬ তারিখে সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে অনুরোধ করা হয়।

(১৮) নেত্রকোণা জেলার স্পর্শকাতর, চাঞ্চল্যকর এবং গুরুতর ঘটনা সংশ্লিষ্ট সংক্রান্ত প্রতিবেদনের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য ০৭ ডিসেম্বর ২০১৬ তারিখে সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে অনুরোধ করা হয়।

(১৯) গ্রাম আদালতের কার্যক্রম আরও শক্তিশালীকরণ ও যথাযথ কার্যক্রম করার জন্য ১২ ডিসেম্বর ২০১৬ তারিখে সকল জেলা ম্যাজিস্ট্রেট এবং সকল উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়।

(২০) আইন-শৃঙ্খলা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির ১৪তম সভার কার্যবিবরণী সংক্রান্ত বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য ১৫ ডিসেম্বর ২০১৬ তারিখে সকল বিভাগীয় কমিশনার বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২১) জাতীয় চোরাচালান প্রতিরোধ কমিটির ৫৭-তম সভার কার্যবিবরণী সংক্রান্ত বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য ১৫ ডিসেম্বর ২০১৬ তারিখে সকল বিভাগীয় কমিশনার বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২২) নভেম্বর ২০১৬ মাসের বিভাগীয় কমিশনারগণের মাসিক সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য ১৮ ডিসেম্বর ২০১৬ তারিখে সকল বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসককে অনুরোধ করা হয়।

(২৩) কক্সবাজার-চট্টগ্রাম মহাসড়কে যাত্রীবাহী বাস দুর্ঘটনায় জান-মালের ক্ষয়ক্ষতি সংক্রান্ত বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য ১৮ ডিসেম্বর ২০১৬ তারিখে সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২৪) যশোর জেলার স্পর্শকাতর, চাঞ্চল্যকর এবং গুরুতর ঘটনা সংক্রান্ত প্রতিবেদনের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য ১৮ ডিসেম্বর ২০১৬ তারিখে সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে অনুরোধ করা হয়।

(২৫) নভেম্বর ২০১৬ মাসের বিভাগীয় কমিশনারগণের সঙ্গে সমন্বয় সভায় সিদ্ধান্ত বাস্তাবায়ন সংক্রান্ত বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য ১৮ ডিসেম্বর ২০১৬ তারিখে জেলা ম্যাজিস্ট্রেট, ফেণী, নরসিংদী, ঢাকা, নওগাঁ এবং খুলনা বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২৬) ১১ ডিসেম্বর ২০১৬ তারিখে বাল্য বিবাহ নিরোধ সংক্রান্ত অনুষ্ঠিত অগ্রগতি পর্যালোচনা বিষয়ক প্রধানমন্ত্রীর কার্যালয়ে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন প্রধানমন্ত্রীর কার্যালয় বরাবর প্রেরণ করে এ বিভাগকে অবহিত করার জন্য সকল জেলা প্রশাসককে অনুরোধ করা হয়।

(২৭) কারাগারের আটক শিশু-কিশোরদের নভেম্বর ২০১৬ মাসের পরিসংখ্যান অনুযায়ী অনুর্ধ্ব ১৬ বছর বয়সী শিশু-কিশোরদের মুক্তিদানের বিষয়ে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য ২২ ডিসেম্বর ২০১৬ তারিখে জেলা ম্যাজিস্ট্রেট, রংপুর ও লালমনিরহাট বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২৮) মালয়েশিয়ায় আটক বাংলাদেশি নাগরিককে স্বদেশে ফেরত আনার আবেদনের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য ২৮ ডিসেম্বর ২০১৬ তারিখে বাংলাদেশের মান্যবর রাষ্ট্রদূত, বাংলাদেশ দূতাবাস, কুয়ালালামপুর, মালয়েশিয়াকে পত্র প্রেরণ করা হয়।

(২৯) দুর্নীতি দমন কমিশন হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে বিভিন্ন মামলায় এফআরটি ০৫ জন, চার্জশিট ০১ জন, বিবিধ মামলায় ১১ জন এবং নথিভুক্তির জন্য ১৩৫ জন সরকারি কর্মকর্তা/কর্মচারীর বিষয়ে অবগত করে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয় এবং ০১জন মহাপরিচালক ও ০১জন উপপরিচালককে প্রেষণে দুর্নীতি দমন কমিশনে যোগদানের নিমিত্ত মন্ত্রিপরিষদ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হয়।

(৩০) বিভিন্ন আইনে ০৩জন কর্মকর্তাকে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট-এর ক্ষমতা এবং মোবাইল কোর্ট পরিচালনার ক্ষমতা/ডেপুটি কমিশনারের ক্ষমতা অর্পণ করা হয়।

(৩১) বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসকগণ নভেম্বর ২০১৬ মাসে প্রমাপ অনুযায়ী ভ্রমণ, রাত্রিযাপন, পরিদর্শন, দর্শন করেছেন। এ জন্য প্রমাপ অর্জন এবং পরিদর্শন ও রাত্রিযাপন প্রতিবেদন প্রেরণের এ ধারা অব্যাহত রাখা জন্য অনুরোধ করা হয়েছে। জেলা প্রশাসকগণের পরিদর্শনের বিষয়টি মন্ত্রিপরিষদ বিভাগের Key Performance Indicators-ভুক্ত এবং এ মাসে KPI-এর লক্ষ্যমাত্রা অর্জিত হয়।

(৩২) বিবেচ্য মাসে মাঠ প্রশাসনে কর্মরত বিসিএস (প্রশাসন) ক্যাডারের ১১জন কর্মকর্তার বিরুদ্ধে অভিযোগ পাওয়া গেছে। পূর্বে প্রাপ্ত অভিযোগসমূহের মধ্যে ৯জন কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তে প্রমাণিত না হওয়ায় নথিজাত এবং ০১জন কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় বিভাগীয় মামলা রুজুর জন্য মন্ত্রিপরিষদ বিভাগের সম্মতি জনপ্রশাসন মন্ত্রণালয়কে জানিয়ে দেওয়া হয়।

(৩৩) জেলা প্রশাসক ও বিভাগীয় কমিশনারগণ কর্তৃক বিভিন্ন উপজেলা ভূমি অফিস, ইউনিয়ন ও পৌর ভূমি অফিস, জেলা প্রশাসকের কার্যালয়ের রাজস্ব শাখা, এল.এ শাখা, জেনারেল সার্টিফিকেট শাখা ইত্যাদি পরিদর্শনকালে প্রদত্ত নির্দেশনা বাস্তবায়ন সম্পর্কিত প্রতিবেদন প্রেরণের জন্য ৩টি জেলার জেলা প্রশাসক বরাবর মোট ৬টি পত্র প্রেরণ করা হয়।

(৩৪) বিভাগীয় কমিশনার এবং মেট্রোপলিটন পুলিশ কমিশনারগণের নিকট থেকে প্রাপ্ত নভেম্বর দ্বিতীয় ও ডিসেম্বর প্রথম পক্ষের পাক্ষিক গোপনীয় প্রতিবেদনের ভিত্তিতে প্রস্তুতকৃত দু'টি সারসংক্ষেপ মাননীয় প্রধানমন্ত্রী সমীপে উপস্থাপন করা হয়।

(৩৫) পাক্ষিক গোপনীয় প্রতিবেদনে উপস্থাপিত এবং মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক অনুমোদিত প্রস্তাব বাস্তবায়নের জন্য বিভিন্ন মন্ত্রণালয় ও বিভাগ এবং সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৩৬) শহীদ বুদ্ধিজীবী দিবস এবং ঈদ-ই-মিলাদুন্নবী উদ্‌যাপন উপলক্ষে সকল বিভাগীয় কমিশনার এবং জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৩৭) মাননীয় প্রধানমন্ত্রীর চট্টগ্রাম সফর উপলক্ষে সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৩৮) মহামান্য রাষ্ট্রপতির গাজীপুর সফর উপলক্ষে বিভাগীয় কমিশনার, গাজীপুর ও জেলা প্রশাসক, গাজীপুর বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৩৯) উন্নয়ন কর্তৃপক্ষের আওতা-বহির্ভূত এলাকায় সুউচ্চ ভবন নির্মাণের নক্‌শা অনুমোদন এবং গুনগত মান নিশ্চিতকরণের বিষয় সকল বিভাগীয় কমিশনার এবং জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৪০) রাজস্ব আহরণ এবং কর সংস্কৃতির বিকাশ ত্বরান্বিত করার লক্ষ্যে সহযোগিতা প্রদানের বিষয়ে অভ্যন্তরীণ সম্পদ বিভাগ এবং জাতীয় রাজস্ব বোর্ড বরাবর প্রেরণ করা হয়।

(৪১) জাতীয় ভিটামিন 'এ' প্লাস ক্যাম্পেইন কর্মসূচি এবং National Household Database (NHD) প্রকল্প বাস্তবায়নে সহযোগিতা প্রদানের বিষয়ে সকল বিভাগীয় কমিশনার এবং প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৪২) মৌলভীবাজার জেলার কমলগঞ্জ উপজেলায় একটি কারিগরি স্কুল ও কলেজ প্রতিষ্ঠা এবং উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে এ্যাম্বুলেন্স বরাদ্দের জন্য কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়।

(৪৩) ২০১৬সালের কৃষিসেচ মৌসুমে নিরবচ্ছিন্নভাবে জ্বালানি তেল সরবরাহ মনিট ১৭-রিং করার বিষয়ে সকল জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৪৪) আরএফ বিল্ডার্স-এর কক্সবাজারের প্রকল্পসমূহের সমস্যাবলি নিরসনে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত বাস্তবায়নের বিষয়ে জেলা প্রশাসক, কক্সবাজার বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৪৫) মহেশখালী উপজেলার মাতারবাড়ী ও ধলঘাটা ইউনিয়নে একটি টেকনিক্যাল স্কুল স্থাপন এবং মানবসম্পদ উন্নয়নে শিক্ষিত ও মেধাবী শিক্ষার্থীদের বিষয়ভিত্তিক ডিগ্রি অর্জনের জন্য শিক্ষা বৃত্তি প্রদানের পদক্ষেপ গ্রহণের নিমিত্ত মাধ্যমিক ও উচ্চ শিক্ষা এবং কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগে পত্র প্রেরণ করা হয়।

(৪৬) কক্সবাজার জেলার শাহপরীর দ্বীপ এলাকার ৬৮ নম্বর পোল্ডারের ভেঙ্গে যাওয়া বেড়িবাঁধ পুনর্নির্মাণের বিষয়ে পানি সম্পদ মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়।

(৪৭) কক্সবাজার জেলার খাসজমির দিয়ারা জরিপ সম্পাদনের বিষয়ে ভূমি মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়।

(৪৮) নবনিযুক্ত জেলা প্রশাসকগণের তিনবছর মেয়াদি অগ্রাধিকারভিত্তিক কর্মপরিকল্পনা বাস্তবায়ন প্রতিবেদন পর্যালোচনাপূর্বক সংশোধিত কর্মপরিকল্পনা প্রেরণের জন্য পত্র প্রেরণ করা হয়।

(৪৯) ২০ ডিসেম্বর তারিখে International Conference on CRVS বাস্তবায়ন সংক্রান্ত আহ্বায়ক কমিটির প্রথম সভা অনুষ্ঠিত হয়েছে। এজন্য একটি ধারণাপত্রও প্রস্তুত করা হয়।

(৫০) মন্ত্রিসভা/উপদেষ্টা পরিষদের বৈঠকে গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী সরকারের বিভিন্ন মেয়াদে গৃহীত সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচিসমূহ এবং উহাদের ফলাফলের সময়ভিত্তিক তুলনামূলক পরিসংখ্যান-এর খসড়া প্রতিবেদন প্রস্তুত করা হয়।

(৫১) Technical Support Project CRVS System Improvement in Bangladesh শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পের আওতায় ২৯ ডিসেম্বর তারিখে National Mortality Technical Working Group-এর দ্বিতীয় সভা এবং ৩১ ডিসেম্বর তারিখে স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ ও মিটফোর্ড হাসপাতালে Hospital Mortality Working Group-এর প্রথম সভা আয়োজন করা হয়।

(৫২) ১১ ডিসেম্বর ২০১৬ তারিখে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে বিভাগীয়/আঞ্চলিক ও মাঠপর্যায় এবং অধিদপ্তর/সংস্থার কার্যালয়ে নৈতিকতা কমিটি গঠন নিশ্চিতকরণ সংক্রান্ত পৃথক দু'টি পরিপত্র জারি করা হয়।

(৫৩) ২১ ডিসেম্বর ২০১৬ তারিখে নায়েম-এ স্কুল/কলেজ/মাদ্রাসার প্রধান/সিনিয়র শিক্ষকদের জাতীয় শুদ্ধাচার কৌশল সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করা হয়।

(৫৪) ২৬ ডিসেম্বর ২০১৬ তারিখে কুষ্টিয়া জেলায় Awareness Raising on NIS শীর্ষক কর্মশালা আয়োজন করা হয়।

(৫৫) ০১ ডিসেম্বর ২০১৬ তারিখে ফরিদপুর জেলা প্রশাসকের কার্যালয়ে মাঠপর্যায়ের কর্মকর্তাদের জন্য বিভাগীয়/আঞ্চলিক পর্যায়ে সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।

(৫৬) ১৮ ডিসেম্বর ২০১৬ তারিখে চট্টগ্রাম বিভাগীয় কমিশনারের কার্যালয়ে মাঠপর্যায়ের কর্মকর্তাদের জন্য বিভাগীয়/আঞ্চলিক পর্যায়ে সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।

(৫৭) মন্ত্রিপরিষদ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্‌স চার্টার) প্রণয়ণের লক্ষ্যে কার্যক্রম গ্রহণ করা হয়।

(৫৮) ২৯ ডিসেম্বর তারিখে ঢাকাসহ সারাদেশে জমি এবং ফ্ল্যাটের বাজার মূল্যের সঙ্গে সরকার নির্ধারিত রেট-এর পার্থক্য নিরসনকল্পে কর্মপন্থা নির্ধারণ সংক্রান্ত দ্বিতীয় সভা অনুষ্ঠিত হয়।

(৫৯) মন্ত্রিপরিষদ বিভাগের তত্ত্বাবধানে ও এটুআই প্রোগ্রামের সহযোগিতায় মন্ত্রণালয় ও অধিদপ্তর ভিত্তিক নাগরিক সেবায় উদ্ভাবনী কর্মকাণ্ডের বিষয়ে ০১ ডিসেম্বর তারিখে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ ও তাদের আওতাধীন অধিদপ্তর/সংস্থাসমূহ এবং ০৪ ডিসেম্বর তারিখে নৌ-পরিবহন মন্ত্রণালয়, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, পানি সম্পদ মন্ত্রণালয়, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় ও তথ্য মন্ত্রণালয় এবং তাদের আওতাধীন অধিদপ্তর/সংস্থাসমূহকে নিয়ে অগ্রগতি পর্যালোচনা/সমন্বয় সভা করা হয়।

(৬০) ১২ ডিসেম্বর ২০১৬ তারিখে মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সভাপতিত্বে ১০টি অধিদপ্তর/সংস্থার সেবা পদ্ধতি সহজিকরণ বিষয়ক অগ্রগতি ও বাস্তবায়ন পরিকল্পনা সম্পর্কিত সভা অনুষ্ঠিত হয়।

(৬১) ২২ ডিসেম্বর তারিখে বাংলাদেশ সচিবালয়স্থ অফিসার্স ক্যান্টিনের খাবারের মান নির্ধারণের বিষয়টি পর্যালোচনার জন্য একটি সভা অনুষ্ঠিত হয়।

গ. আগামী দুই (ডিসেম্বর-জানুয়ারি) মাসে সম্পাদ্য অতীব গুরুত্বপূর্ণ কাজের তালিকা:

(১) মন্ত্রিসভা-বৈঠক অনুষ্ঠান।
(২) মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন-অগ্রগতি পর্যালোচনা সম্পর্কিত আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠান।

(৩) সরকারি ক্রয় সংক্রান্ত এবং অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠক অনুষ্ঠান।
(৪) প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সভা অনুষ্ঠান।
(৫) জাতীয় পুরস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সভা অনুষ্ঠান।
(৬) আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থায় বাংলাদেশ কর্তৃক চাঁদা প্রদান সংক্রান্ত সচিব কমিটির সভা অনুষ্ঠান।
(৭) সমরপুস্তক হালনাগাদকরণ সংক্রান্ত কার্যাবলি।
(৮) জানুয়ারি ২০১৫ থেকে ডিসেম্বর ২০১৫ মাস পর্যন্ত সময়ে অনুষ্ঠিত মন্ত্রিসভা-বৈঠকের বিজ্ঞপ্তি, কার্যবিবরণী ও সারসংক্ষেপসমূহ বই আকারে বাঁধাই সংক্রান্ত কার্যাবলি সম্পাদন করা।
(৯) 'Preparatory Phase of Civil Registration and Vital Statistics in Bangladesh' শীর্ষক প্রস্তাবিত প্রকল্পের অনুমোদন প্রক্রিয়া সম্পাদন।
(১০) জেলা-সদরে কোর ভবনাদি নির্মাণ সংক্রান্ত টাস্কফোর্স কমিটির ১৮২তম সভা অনুষ্ঠান।
(১১) সিআরভিএস সংক্রান্ত স্টিয়ারিং কমিটির সভা অনুষ্ঠান।
(১২) নিকার-এর ১১৩তম সভা অনুষ্ঠান।
(১৩) নতুন উপজেলা ও থানা স্থাপন সংক্রান্ত সচিব কমিটির সভা।
(১৪) Civil Registration and Vital Statistics in Bangladesh শীর্ষক প্রকল্প প্রস্তাব প্রণয়ন।
(১৫) আন্তঃমন্ত্রণালয় আইনগত বিরোধ নিষ্পত্তি কমিটির সভা।
(১৬) সামাজিক নিরাপত্তা কর্মসূচি সংক্রান্ত 'কেন্দ্রীয় ব্যবস্থাপনা কমিটি'-এর সভা অনুষ্ঠান।

(মুহাম্মাদ আসাদুল হক)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৫৭৪৪৯
e-mail: report_sec@cabinet.gov.bd